




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com








বুধবার ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৮৫ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ০৪ শ্রাবণ ১৪৩০ ॥ ৩০ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা ১৯ জুলাই ২০২৩




## মন্ত্রীদের সংযত হওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদক :** মন্ত্রীদের নিজেদের বক্তব্যে সংযত হতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, কোনো কোনো মন্ত্রীর বক্তব্যে সরকারকে বিব্রত হতে হচ্ছে। আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে এসব বিষয় সরকারের বিরুদ্ধে যাচ্ছে বলে জানান তিনি। তাই সংশ্লিষ্টদের কথাবার্তায় সাবধান হতে হবে।

সোমবার মন্ত্রিসভার বৈঠকে তিনি এ বিষয়ে কথা বলেন। কয়েক সপ্তাহ পর এদিন মন্ত্রিসভার বৈঠক হয়। এতে নির্ধারিত এজেন্ডা শেষে উপস্থিত মন্ত্রিপরিষদ সদস্যদের নিয়ে প্রায় এক ঘণ্টার মতো অনির্ধারিত বিষয়ে আলোচনা হয় বলে সংশ্লিষ্ট একাধিক সূত্রে জানা গেছে।

## যুক্তরাষ্ট্র আর ইইউ বিএনপিকে ঘোড়ার ডিম দিয়েছে

**নিজস্ব প্রতিবেদক :** ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ও যুক্তরাষ্ট্র বিএনপিকে ঘোড়ার ডিম দিয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। গতকাল মঙ্গলবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশের সামনের রাস্তায় ঢাকা মহানগর দক্ষিণ ২-এর পাতায় দেখুন




## বঙ্গবন্ধু, বাংলাদেশ ও ভারত তিনটি নাম মুক্তিযুদ্ধের সঙ্গে নিবিড়ভাবে সম্পর্কযুক্ত

**নিজস্ব প্রতিবেদক :** অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, বঙ্গবন্ধু, বাংলাদেশ ও ভারত এই তিনটি নাম বালাদেশের মুক্তিযুদ্ধের সঙ্গে নিবিড়ভাবে সম্পর্কযুক্ত। তাই বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক সুদৃঢ় ও বন্ধুত্বপূর্ণ। তিনি ২-এর পাতায় দেখুন



## এটা পদযাত্রা নয়, জয়যাত্রা

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, পদযাত্রা নয় এটা বিএনপির জয়যাত্রা, দাবি একটাই অবিলম্বে পদত্যাগ করুন। ৩৬ দলের একটাই ঘোষণা, সরকারকে পদত্যাগ করতে হবে। সরকারকে দেশের মানুষ দেখতে চায় না। অবৈধ হাসিনা সরকারের অধিনে নির্বাচন নয়। গতকাল মঙ্গলবার গাবতলীতে বিএনপিসহ ২-এর পাতায় দেখুন



# ‘আমার গ্রাম আমার শহর’সহ একনেকে ১৫ প্রকল্প অনুমোদন

**নিজস্ব প্রতিবেদক :** ‘আমার গ্রাম আমার শহর’সহ ১৫টি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্পে ব্যয় ধরা হয়েছে ১৮ হাজার কোটির বেশি।

গতকাল মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে প্রকল্পগুলোর অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বৈঠক শেষে পরিকল্পনামন্ত্রী এম



এ মান্নান বলেন, ‘আমার গ্রাম আমার শহর প্রকল্পটির মাধ্যমে শহরের মতো গ্রামেও আবাসনের জন্য ফ্ল্যাট সুবিধা, ইউনিয়নের রাজস্ব আহরণ ব্যবস্থা, সাংস্কৃতিক কেন্দ্র, পানি ও স্যানিটেশন এবং টেকসই জ্বালানি ব্যবস্থা গড়ে তোলা হবে। প্রাথমিকভাবে ১৫টি ইউনিয়নে পাইলট প্রকল্পটি বাস্তবায়নে ৮০০ কোটি টাকা ব্যয় করা হবে। পর্যায়ক্রমে তা সারাদেশে ছড়িয়ে দেওয়া হবে।’ ২-এর পাতায় দেখুন

# প্রধানমন্ত্রীর সঙ্গে এ আরাফাতের সাক্ষাৎ

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকা-১৭ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য মোহাম্মদ আলী আরাফাত। গতকাল মঙ্গলবার বিকালে এ সাক্ষাৎ করেন তিনি।

সাক্ষাৎ করতে এসে প্রধানমন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান মোহাম্মদ আলী আরাফাত। এ সময় তার সহধর্মিনী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎ করতে এসে প্রধানমন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান মোহাম্মদ আলী আরাফাত। ছবি: ফোকাস বাংলা



উল্লেখ্য, গতকাল মঙ্গলবার (১৮ জুলাই) ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে বিজয়ী হন আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী মোহাম্মদ এ আরাফাত। নৌকা প্রতীকের প্রার্থী আরাফাত পেয়েছেন ২৮ হাজার ৮১৬ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী আশরাফুল হোসেন আলম ওরফে হিরো আলম পেয়েছেন ৫ হাজার ৬০৯ ভোট।

# মহেশপুরে আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্ণামেন্টে এসবিকে ইউনিয়ন চ্যাম্পিয়ন

**মোঃ আজাদ, মহেশপুর :** ঝিনাইদহের মহেশপুর সরকারী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে মঙ্গলবার বিকালে বীর মুক্তিযোদ্ধা নুরে আলম সিদ্দিকী আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্ণামেন্টের ফইলনা খেলা অনুষ্ঠিত হয়েছে। এসবিকে ইউনিয়ন ও নেপা ইউনিয়নের মধ্যে ফাইলান খেলাটি অনুষ্ঠিত হয়। খেলাই টাইব্রেকারের মাধ্যমে এসবিকে ইউনিয়ন ১-০ গোলে নেপা ইউনিয়নকে পরাজিত করে জয়লাভ করে। খেলাই প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসক এস.এম রফিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে



উপস্থিত ছিলেন মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশী, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উসেইন মে, মহেশপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ময়জদ্দীন ২-এর পাতায় দেখুন

## সরকারি চাকরিতে বেতন বৃদ্ধির ‘বিশেষ সুবিধা’র প্রজ্ঞাপন

**নিজস্ব প্রতবেদক :** চাকরিরতদের বেতন ন্যূনতম এক হাজার টাকা এবং পেনশনভোগীদের ভাতা ৫০০ টাকা বেড়েছে।

সরকারি চাকুরেদের জন্য চলতি বছরের জুলাই থেকে মূল বেতনের পাঁচ শতাংশ হারে ‘বিশেষ সুবিধা’ ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করেছে অর্থ মন্ত্রণালয়।

গতকাল মঙ্গলবার অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ থেকে এ প্রজ্ঞাপন জারি করা হয়।

জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত সরকারি-বেসামরিক, স্ব- শাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, বর্ডার গার্ডস বাংলাদেশ ও পুলিশ বাহি-নীতে নিয়োজিত কর্মচারী এবং ২-এর পাতায় দেখুন

# আবাইপুর ইউনিয়নের বর্তমান চেয়ারম্যানের সমর্থকদের হামলায় এক হিন্দু পরিবারের ৪ জন আহত, ১ জন আটক

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার আবাইপুর ইউনিয়নের আবাইপুর গ্রামের এক হিন্দু পরিবারের উপর হামলার ঘটনা ঘটেছে। মঙ্গলবার দুপুরের সময় স্কুলের সীমানা প্রাচীর নির্মাণ করা নিয়ে এই হামলার ঘটনা ঘটে। এতে একই হিন্দু পরিবারের ৪ জন আহত হয়েছে। পুলিশ এ ঘটনায় রবিউল ইসলাম নামের একজনকে আটক করেছে।



সরেজমিনে গিয়ে দেখা যায়, আবাইপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ করার জন্য স্কুলের জমির সীমানা নির্ধারণ করে দেন শৈলকুপা এসিল্যান্ড। তবে জমির এই সীমানা মানেন না রবিউলসহ তার লোকজন। এর ঘটনা ধরে দুপুরে রবিউল তার দল বল নিয়ে রাজকুমার ও তার ভাইদের উপর হামলা করে। এসময় রাজকুমার, উজ্জ্বল, উত্তম ও বাসুদেব নামের ৪ জন আহত হয়। পরে হাসপাতালে আসতে ও মামলা করতে বাধা দেন স্থানীয় আবাইপুর ইউপি চেয়ারম্যান হেলাল বিশ্বাস ও তার লোকজন। হামলাকারী রবিউল বর্তমান ইউপি চেয়ারম্যান হেলাল বিশ্বাসের সমর্থক এবং আহত রাজকুমার সাবেক চেয়ারম্যান ও বর্তমান জেলা পরিষদের সদস্য মুক্তার আলী মৃধার সমর্থক।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, আমিনুল ইসলাম বলেন, এই ঘটনায় এখনো ২-এর পাতায় দেখুন

## হিরো আলমের ওপর হামলার ঘটনায় উদ্বেগ জানালো জাতিসংঘ

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা-১৭ আসনের উপনির্বাচনের দিন ভোট চলাকালে সংসদ সদস্য প্রার্থী আশরাফুল হোসেন ওরফে হিরো আলমের ওপর হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে জাতিসংঘ।

সংস্থাটির আবাসিক প্রতিনিধি গুয়েন লুইস তার টুইটে এই উদ্বেগের কথা জানান। গুয়েন লিখেন, সহিংসতা ছাড়া নির্বাচনে অংশগ্রহণের জন্য প্রত্যেকের মৌলিক মানবাধিকার নিশ্চিত ও সুরক্ষিত করতে হবে।

উল্লেখ্য, গত সোমবার (১৭ জুলাই) ঢাকা-১৭ আসনের উপনির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনের শেষ মুহূর্তে স্বতন্ত্র প্রার্থী আশরাফুল আলম ওরফে হিরো আলমের ওপর হামলা করে দুর্বৃত্তরা।

হামলার ২-এর পাতায় দেখুন

# সাতক্ষীরা পৌর মেয়র তাসকিন আহমেদ চিশতীকে কারাগারে পাঠানোর নির্দেশ

**সোহারাফ হোসেন সৌরাভ :** সাতক্ষীরা পৌর মেয়র ও সাতক্ষীরা পৌর বিএনপির সদস্য সচিব তাসকিন আহমেদ চিশতীকে ফের কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। মঙ্গলবার সাতক্ষীরা জেলা ও দায়রা জজ চাঁদ মোহাম্মদ আব্দুল আলিম আল রাজীর আদালতে হাজির হয়ে জামিন প্রার্থনা করলে আদালত তা না’মঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।



এর আগে তিনি পৃথক দুটি মামলায় হাইকোর্ট থেকে আগাম অন্তবর্তীকালীন জামিনে ছিলেন। আসামিপক্ষের আইনজীবী অ্যাড. সৈয়দ ২-এর পাতায় দেখুন

## বগুড়ায় বিএনপি নেতা-কর্মীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ, গুলিবিদ্ধ ৭

**নিজস্ব প্রতিবেদক :** বগুড়ায় শেখ হাসিনার পদত্যাগসহ নির্দলীয় নিরপেক্ষ সরকারের এক দফা দাবিতে পদযাত্রা চলাকালে বিএনপি নেতা-কর্মীদের সঙ্গে পুলিশের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় পুলিশের গুলিতে বিএনপির ৭ নেতাকর্মী গুলিবিদ্ধ এবং আরও অন্তত ৩০ জন আহত হয়েছেন। এছাড়া পুলিশের টিয়ারশেলে আহত ইয়াকুবিয়া স্কুলের ২৭ ছাত্রীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১টার দিকে শহরের ইয়াকুবিয়া স্কুল মোড়ে এ সংঘর্ষ হয়। পরে তা নওয়াববাড়ি সড়কের রানার প্লাজার সামনে থেকে বিএনপির ২-এর পাতায় দেখুন

# জাতীয়করণের দাবিতে সড়কে শিক্ষকদের বিক্ষোভ, যানজটে ভোগান্তি

**নিজস্ব প্রতিবেদক :** বেসরকারি মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে টানা অষ্টম দিনের মতো অবস্থান কর্মসূচিতে অংশ নিয়েছেন এমপিওভুক্ত শিক্ষকরা।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৯টা থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনের সড়ক বন্ধ করে অবস্থান কর্মসূচি শুরু করেন তারা। বেলা ১১টার দিকে পল্টন-হাইকোর্ট সড়কও বন্ধ করে দেন শিক্ষকরা। এতে হাইকোর্ট-মৎস্যভবন হয়ে গুলিস্তান অভিমুখী রাস্তায় তীব্র যানজটের সৃষ্টি হয়েছে। আন্দোলনরত শিক্ষকদের একটি সূত্র জানিয়েছে, শিক্ষা মন্ত্রণালয় থেকে শিক্ষক নেতাদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। একটি প্রতিনিধিদল সেখানে যাওয়ার প্রস্তুতি নিচ্ছেন।



বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ ও সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের বৈষম্য কমানোর দাবিতে শিক্ষাপ্রতিষ্ঠানে তালা ঝুলিয়ে গত ১১ জুলাই থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান নিয়েছেন শিক্ষকরা।

গত সোমবার সকালে পল্টন মোড় থেকে হাইকোর্ট মোড় রাস্তা অবরোধ করেন তারা। বিকেলে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক ২-এর পাতায় দেখুন



## কালীগঞ্জে ইউপি মেম্বার নিহতের ঘটনায় স্ত্রী, মেয়ে ও মেয়ের প্রেমিক গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদক :** মেয়ের সঙ্গে পার্শ্ববর্তী গ্রামের এক যুবকের প্রেমের সম্পর্ক মেনে না নেওয়ায় মা-মেয়ে ও প্রেমিক মিলে পরিকল্পিতভাবে খুন করে আনোয়ার হোসেন নামে এক ইউপি মেম্বারকে। ঘুমন্ত অবস্থায় তারা ছুরি দিয়ে জবাই করে তাকে হত্যা করে। নিহত আনোয়ার হোসেন ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা মালিয়াট ইনিয়নের ৬নং ওয়ার্ডের নির্বাচিত ইউপি মেম্বার। সে ওই গ্রামের আব্দুল বারেক মন্ডলের ছেলে এবং অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা। বুধবার পুলিশ নিহত আনোয়ার ২-এর পাতায় দেখুন

# কালীগঞ্জে এজেন্ট ব্যাংকের ইনচার্জের নামে প্রবাসীর ১৫ লাখ টাকা আত্মসাতের আভিযোগ

**বাদশা ফরহাদ, কালীগঞ্জ :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার মঙ্গলপৈতা বাজারের ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকে এক প্রবাসীর পাঠানো ১৫ লাখ টাকা ঐ ব্যাংকের ইনচার্জ বিল্লাল হোসেন প্রতারনার মাধ্যমে আত্মসাৎ করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। ইনচার্জ বিল্লাল হোসেন মঙ্গলপৈতা বাজারের পাশে ফরিয়াদকাটি গ্রামের শুকুর আলীর ছেলে। প্রতারনার শিকার প্রবাসী জসিম উদ্দিন পারখিদ্দা গ্রামের শুকুর আলী জর্দ্দারের ছেলে।



জসিম উদ্দিনের ছোট ভাই সুজন রহমান জানায়, আমার ভাই সাড়ে ৭ বছর আগে সংসারের একটু সুখের আশায় মালয়েশিয়া পাড়ি জমায়। সেখানে কঠোর পরিশ্রম করে স্থানীয় মঙ্গলপৈতা বাজারের ইসলামী ব্যাংকের এজেন্ট ব্যাংকে টাকা পাঠায়। বিদেশ যাওয়ার সময় টাকা পাঠানোর জন্য ব্যাংকের ইনচার্জ বিল্লাল হোসেনের মাধ্যমে একটি একাউন্ট করে। একাউন্ট করার সময় যে মোবাইল নং দেওয়া হয় সেই সিম কার্ড আমার ভাইকে ভূল বোঝায়ে মোবাইলের সিমকার্ড বিল্লাল নিজের কাছে রেখে দেয়। আমার ভাই এ পর্যন্ত ২-এর পাতায় দেখুন



## চুয়াডাঙ্গায় ২৫০শয্যার হাসপাতাল পূর্ণাঙ্গ চালুর দাবীতে অনশন করেছে মুক্তিযোদ্ধা সন্তান সংসদ

**এম এ মতিন, চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গায় ২৫০শয্যার হাসপাতাল পূর্ণাঙ্গ চালুর দাবীতে অনশন করেছে মুক্তিযোদ্ধা সন্তান সংসদ। মঙ্গলবার সকালে এ আমরন অনশন করে তারা। অনশনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর উপজেলা ভাইস চেয়ারম্যান ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সন্তান সংসদ চুয়াডাঙ্গা জেলা শাখার আহবায়ক রুহানি মাসুম। চুয়াডাঙ্গা জেলা শাখার সদস্য সচিব বখতিয়ার হোসেন জোয়ার্দার,বাংলাদেশ ২-এর পাতায় দেখুন



## শৈলকুপায় উপবৃত্তির দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ ও মানববন্ধন

**নিজস্ব প্রতিবেদক, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় উপবৃত্তির দাবিতে বিক্ষোভ ও মানববন্ধন করেছে কলেজ শিক্ষার্থীরা। গতকাল(১৮ জুলাই) বেলা সাড়ে ১১টায় উপজেলার জরিপ বিশ্বাস ডিগ্রি কলেজ প্রাঙ্গণে এ বিক্ষোভ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়। এসময় কলেজের ইন্টার প্রথম বর্ষের প্রায় শতাধিক শিক্ষার্থী এ কর্মসূচিতে অংশ নেয়। মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, ইন্টার ১ম বর্ষের উপবৃত্তি অধিকারী ২১৬ জন শিক্ষার্থী ২-এর পাতায় দেখুন

# মেহেরপুরে ক্রীড়া ও যুব মন্ত্রণালয়ের যুব কল্যাণ তহবিলের চেক বিতরণ

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা যুব উন্নয়ন অধিদপ্তর উদ্যোগে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল থেকে নির্বাচিত যুব সংগঠনের ২০২২-২৩ অর্থবছরের অনুদানের চেক বিতরণ করা হয়েছে। মঙ্গলবার দুপুর ১২টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল থেকে নির্বাচিত যুব সংগঠনকে অনুদানের চেক বিতরণ করা হয়। মেহেরপুর জেলা যুব উন্নয়নের দপ্তরের উপ পরিচালক ফিরোজ আহমেদের সভাপতিত্বে জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম প্রধান অতিথি



২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি’র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
বুধবার ১৯ জুলাই ২০২৩

# অ্যাম্বুলেন্স চলাচলে নীতিমালার অভাবে আশঙ্কাজনক হারে বাড়ছে দুর্ঘটনা



**স্টাফ রিপোর্টার :** জরুরি চিকিৎসার লক্ষ্যে রোগী পরিবহনের যানই অ্যাম্বুল্যান্স হিসেবে পরিচিত। চিকিৎসা সেবার কাজে ব্যবহার হলেও অ্যাম্বুল্যান্স একটি বাণিজ্যিক পরিবহন। জনগুরুত্বপূর্ণ বাহনটির জন্য আলাদা নীতিমালা জরুরি হলেও দেশে তা নেই। ফলে প্রতিবছর যে পরিমাণ ব্যক্তিগত গাড়ি দুর্ঘটনায় পড়ছে তার চেয়ে বেশি দুর্ঘটনায় পড়ছে অ্যাম্বুল্যান্স। অথচ সরকারের সংশ্লিষ্ট কোনো নথিতে, সড়ক পরিবহন আইন, সড়ক পরিবহন বিধিমালায়ও নেই অ্যাম্বুল্যান্সের সংজ্ঞা। ট্রাফিক আইনেও অ্যাম্বুল্যান্স নিয়ে স্পষ্ট কিছু বলা হয়নি। কোনো ধরনের নীতিমালা ছাড়াই বিশেষ এই বাহনটি সড়কে চলাচল করছে। বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) এবং বেসরকারি উন্নয়ন সংস্থা সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, সম্প্রতি ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ের ফরিদপুর অংশে দুর্ঘটনায় পড়ে একটি অ্যাম্বুল্যান্সটিতে আগুন ধরে যায়। ঘটনাস্থলেই আগুনে পুড়ে সাত জন মারা যায়। পরে অ্যাম্বুল্যান্সটির চালকও মারা যায়। একইভাবে খুলনা থেকে রোগী নিয়ে ঢাকা আসার পথে গোপালগঞ্জে দুর্ঘটনায় পড়ে আরেকটি অ্যাম্বুল্যান্স। ওই ঘটনায় রোগী-চালকসহ চারজন মারা যান। অ্যাম্বুল্যান্স দুর্ঘটনা নতুন কোনো ঘটনা নয়। অথচ নীতিমালা তৈরি হলে অ্যাম্বুল্যান্সের সংজ্ঞা যেমন স্পষ্ট হবে, তেমনি এর গঠন, ধরন ও বিশিষ্ট্যে ছাড় পাওয়ারও সুযোগ থাকবে না। অ্যাম্বুল্যান্সের মালিকানায় কারা থাকবেন, ব্যক্তি মালিকানায় অ্যাম্বুল্যান্স চলতে পারবে কি না, এই বিষয়গুলো পরিষ্কার হবে। আর অ্যাম্বুল্যান্সের মানভেদে ভাড়াও নির্ধারণ করে দিতে পারবে সরকার। সূত্র জানায়, সারা দেশে নিবন্ধিত অ্যাম্বুল্যান্স আছে ৮ হাজার ২৮৭টি। অ্যাম্বুল্যান্স নিবন্ধনের সংখ্যা প্রতিদিন বাড়ছে।

## খাগড়াছড়িতে আওয়ামী লীগ-বিএনপির সংঘর্ষে আহত অর্ধশতাধিক

**নিজস্ব প্রতিবেদক :** খাগড়াছড়ি জেলা শহরে গতকাল মঙ্গলবার সকালে বিএনপি ও আওয়ামী লীগের নেতাকর্মীদের সংঘর্ষে উভয় দলের কমপক্ষ অর্ধশতাধিক আহত হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

সকাল পৌনে ১০টায় সংঘর্ষের সময় আওয়ামীলীগ ও বিএনপির নেতাকর্মীদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া, ইট পাটকেল নিক্ষেপ, লাটিসোটা নিয়ে হামলা পাল্টা হামলায় সমগ্র এলাকা রণক্ষেত্রে পরিণত হয়। এসময় শহরের পৌরসভা কার্যালয় চত্তর, শাপলা চত্বর আদালত সড়ক এলাকায় অগ্নিসংযোগ করা হয়।

পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ বেশ কয়েক রাউন্ড কাঁদানে গ্যাস ছুঁড়ে।

প্রত্যক্ষদর্শীরা জানান, আওয়ামী লীগের উন্নয়ন শোভাযাত্রা ও শেখ হাসিনার পদত্যাগ দাবিতে বিএনপির পদযাত্রা কর্মসূচির প্রস্তুতির সময় সকালে খাগড়াছড়ি পৌরসভা চত্তর ও জেলা বিএনপির অফিস সম্মুখে উভয় দলের নেতকর্মীরা এই হামলায় জড়িয়ে পড়ে। এতে জেলা আওয়ামী লীগ নেতা সাংবাদিক মো.নুরুল আযম ও মো. আলমাস ও বিএনপির নেতা হোসেন মো. বাবু ও সদর থানার এসআই মামুন, এসআই মিনহাজসহ উভয় পক্ষের অন্তত অর্ধশতাধিক নেতাকর্মী আহত হন। খাগড়াছড়ি জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও খাগড়াছড়ি পৌরসভার ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদ পরিদর্শন করলেন ইউএনও রোকসানা মিতা



**রাসেল আহাম্মেদ, দামুড়হুদা :** চুয়াডাঙ্গার দামুড়হুদা ০৬নং হাউলী ইউনিয়ন পরিষদ পরিদর্শন করলেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা। মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে তিনি সরজমিনে ইউনিয়ন পরিষদের সমস্ত কার্যক্রম পরিদর্শন করেন।

এসময় তিনি ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম ভালো ভাবে পরিচালনা করার জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। পরিষদের সমস্ত রেজিস্ট্রার চেক করেন। পরিদর্শন শেষে তিনি পরিষদের পরচালিত কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন। এসময় উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, সচিব নাঈম হোসেন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামাল, ২-এর পাতায় দেখুন

## গাংনীতে মাদকসহ যুবক আটক



**গাংনী প্রতিনিধি :** মেহেরপুরের গাংনীতে ১শ গ্রাম গাঁজাসহ বিজন কর্মকার (২৪) নামের এক যুবক আটক করেছে পুলিশ।

সোমবার রাত ১০টার দিকে গাংনী উপজেলার ষোলটাকা গ্রাম থেকে তাকে করে গাংনী থানা পুলিশ। আটককৃত বিজন ষোলটাকা গ্রামের রবি কর্মকারের ছেলে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, মাদক পাঁচারের গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানার এসআই মিলন কুমার বিশ্বাস সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালায়। এসময় বাড়ির পাশের রাস্তায় গাঁজা নিয়ে ক্রেতার জন্য অপেক্ষা করছিল বিজন। পুলিশের অভিযান ২-এর পাতায় দেখুন

## বাংলা কলেজের সামনে বিএনপি-ছাত্রলীগ সংঘর্ষ, মোটরসাইকেলে আগুন

**নিজস্ব প্রতিবেদক :** সরকারের পদত্যাগসহ নির্দলীয় নিরপেক্ষ সরকারের দাবিতে বিএনপির পদযাত্রা কর্মসূচিতে হামলা ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। গতকাল মঙ্গলবার বেলা সোয়া ১১টার দিকে গাবতলী থেকে শুরু হওয়া পদযাত্রা বাংলা কলেজের সামনে এলে এই সংঘর্ষ শুরু হয়। এ সময় একটি মোটরসাইকেলে অগ্নিসংযোগ করা হয়। দারুস সালাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে গ্রামীণ ব্যাংকের উদ্যোগে গাছের চারা বিতরণ

**নিজস্ব প্রতিবেদক :** বনজ-ফলজ-ঔষধী রোপন করবো কয়েক কোটি, দেশের বায়ু, দেশের মাটি করবো মোরা খাঁটি। এ শ্লোগানে ঝিনাইদহের গ্রামীণ ব্যাংকের প্রধান কার্যালয়ের ঘোষিত কর্মসুচীর অংশ হিসাবে গাছের চারা বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে ঝিনাইদহ যোনের যোনাল ম্যানেজার মুজিবুর রহমান সদস্যদের মাঝে ফলজ চারা বিতরণ ২-এর পাতায় দেখুন

## যশোরে চিকিৎসকদের আন্দোলনে রোগীদের চরম দুর্ভোগ



**এস আর নিরব, যশোর :** যশোরে চিকিৎসকদের আন্দোলনের কারণে চরম দুর্ভোগে পড়েছে রোগীরা। সোমবার থেকে শুরু হয় এ আন্দোলন। আজ চলছে আন্দোলনের দ্বিতীয় দিন। যশোর শহরের একটি নামিদামি বেসরকারি হাসপাতালে বাবাকে কিডনি বিশেষজ্ঞ ডাক্তার দেখাতে এসেছিলেন ইলিয়াস হোসেন। মঙ্গলবার দুপুরের দিকে হাসপাতালে এসে দেখতে পান, দু'দিন চেম্বার বন্ধ থাকবে বলে নোটিশ ঝুলছে। এই হাসপাতালে চিকিৎসক দেখাতে এসে ব্যর্থ হয়ে তার মতো আরও অনেকে বসে ছিলেন। যেসব হাসপাতালে ডাক্তাররা রোগী দেখেননি সেগুলোর মধ্যে কুইন্স হসপিটাল, কিংস মেডিকেল সার্ভিসেস ও ইবনে সিনা উল্লেখযোগ্য। ঢাকার সেন্ট্রাল হাসপাতালে রোগী মৃত্যুর পর দু'চিকিৎসককে গ্রেপ্তারের পর জামিন না দেয়ার প্রতিবাদে সোমবার এবং মঙ্গলবার ব্যক্তিগত চেম্বারে রোগী দেখা বন্ধ ঘোষণা করেছেন চিকিৎসকরা। একইসাথে অপারেশনের চিকিৎসকরা তাদের কার্যক্রমও বন্ধ রাখবেন বলে সংহতি প্রকাশ করেছেন।

আন্দোলনের মধ্যে হাসপাতালে ভর্তি রোগীদের চিকিৎসা কার্যক্রম অব্যাহত রয়েছে। কোনো কোনো ২-এর পাতায় দেখুন

## খুলনায় সন্ত্রাস বিরোধী মামলায় ২ জেএমবি সদস্যের ১০ বছরের কারাদণ্ড

**নিজস্ব প্রতিবেদক :** খুলনায় সন্ত্রাস বিরোধী আইনের মামলায় ২ জেএমবি সদস্যের তিন ধারায় ১০ বছর, ৭ বছর ও ৬ মাসের কারাদণ্ড দিয়েছেন সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল। মঙ্গলবার খুলনার সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) রোজিনা আক্তার এ রায় ঘোষণা করেন। রায় ঘোষণার সময় আসামিরা আদালতে উপস্থিত ছিলেন। সাজাপ্রাপ্ত আসামিরা হলেন নূর মোহাম্মদ অনিক (২৭) ও মোঃ মোজাহিদুল ইসলাম রাফি (২৪)। তারা দুজনই খুলনা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী। রায় ঘোষণার পর দুই আসামিকে কড়া নিরাপত্তায় আদালত থেকে কারাগারে নিয়ে যাওয়া হয়। মামলার এজাহার ও আদালত ২-এর পাতায় দেখুন



## মাগুরায় শিক্ষার মানোন্নয়ন মতবিনিময়

**নিজস্ব প্রতিবেদক :** জেলার মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে 'শিক্ষার মানোন্নয়ন ও মানসম্মত শিক্ষা বাস্তবায়ন নির্দেশনা সম্পর্কিত' মতবিনিময় সভায় অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুর ১টায় বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ আবু নাসের বেগ।

বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) হালিমা বেগম, জেলা শিক্ষা অফিসার মো. আলমগীর কবির, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এ এস এম সিরাজুদ্দোহা, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. তারিফ-উল-হাসান, মহম্মদপুর উপজেলা নির্বাহী ২-এর পাতায় দেখুন

## গুচ্ছের প্রথম ধাপের ভর্তি ২২-২৫ জুলাই, ক্লাস শুরু ১৬ আগস্ট



**নিজস্ব প্রতিবেদক :** গুচ্ছভুক্ত ২২টি সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতকের (সম্মান) মেধাতালিকার ভিত্তিতে প্রথম ধাপের ভর্তি কার্যক্রম আগামী ২২ জুলাই থেকে শুরু হবে। যা চলবে গতকাল মঙ্গলবার পর্যন্ত। আগামী ১৬ আগস্ট থেকে নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু হবে। গতকাল মঙ্গলবার গুচ্ছ ভর্তি কমিটির যুগ্ম আহ্বায়ক এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ আহমদ এসব তথ্য জানান। তিনি বলেন, ২২ জুলাই থেকে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোতে প্রথম ধাপের ভর্তি কার্যক্রম শুরু হবে। যা ২৫ জুলাই পর্যন্ত চলবে। ২২ জুলাইয়ের আগেই প্রতিটি বিশ্ববিদ্যালয় তাদের মেধাতালিকা প্রকাশ করবে। ইতোমধ্যেই গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলো তাদের ভর্তি নির্দেশিকা প্রকাশ করা শুরু করেছে। শিক্ষার্থীরা নির্দেশিকা মেনে বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তি হতে পারবে। প্রথম ধাপের ভর্তি শেষে আসন ফাঁকা থাকা সাপেক্ষে দ্বিতীয় ধাপের ভর্তি কার্যক্রম শুরু হবে। তিনি আরও বলেন, প্রথম মেধাতালিকায় শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় ও বিভাগের তালিকা প্রকাশিত হবে।



## ভারতে পাচারের সময় বেনাপোলে ৩ কোটি টাকার সোনার বার জব্দ

**এস আর নিরব, যশোর :** যশোরের শার্শার দৌলতপুর সীমান্ত দিয়ে ভারতে পাচারের সময় ৩ কোটি টাকার সোনার বার জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। মঙ্গলবার ভোরে দৌলতপুর সীমান্তের ইছামতি নদীর পাড় এলাকা থেকে ৩ কেজি ৪৯৮ গ্রাম ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে আলমারি ও ফুটবল বিতরণ



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্টীলের আলমারি ও বিভিন্ন ক্লাব ও বিদ্যালয়ে ফুটবল বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে এই সব উপকরণ বিতরণ করেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবুল আক্তার, সাবেক সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, কুতুবপুর ইউনিয়ন পরিষদের সদস্য রাজন, আবুল কাশেম, গোলাম মোস্তফাসহ ২-এর পাতায় দেখুন



## সরিষাবাড়ীতে পাঁচ শত লাম্পি স্কীন ডিজিজ গরুর টিকা প্রদান

**মাজহারুল ইসলাম শাওন, সরিষাবাড়ী :** জামালপুরের সরিষাবাড়ীতে প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগে এবং বাংলাদেশ আওয়ামী যুবলীগ সরিষাবাড়ি উপজেলা শাখার সভাপতি একে এম আশরাফুল ইসলামের সহযোগিতায় উপজেলার কামরাবাদ ইউনিয়নের শুয়াকৈর গ্রামে লাম্পি স্কীন ডিজিজ (এলএসডি) প্রতিরোধের জন্য বিনামূল্যে ৫০০টি গরুর টিকা প্রদান করা হয়। এসময় উপস্থিত ২-এর পাতায় দেখুন

## খুলনায় হাতকড়াসহ আসামি পালানোর ঘটনায় এএসআই ক্লোজড

**নিজস্ব প্রতিবেদক :** খুলনার পাইকগাছায় হাতকড়াসহ আসামি পালানোর ঘটনায় নাসির উদ্দীন নামে এক এএসআইকে ক্লোজড (প্রত্যাহার) করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে নাসির উদ্দীনকে প্রত্যাহার করে খুলনা পুলিশ লাইন্সে নেওয়া হয়েছে।

জানা যায়, রোববার সন্ধ্যা ৬টার দিকে উপজেলার বিরাশী গ্রামের আবুল হোসেনের ছেলে মনিরুল ইসলামকে (৪০) ডাকাতির প্রস্তুতি মামলায় সন্দেহভাজন আসামি হিসেবে আটক করেন এএসআই নাসির উদ্দীন। হাতকড়া পরিয়ে থানায় নিয়ে আসার সময় পৌর সদরের বাজার মোড়ে পুলিশকে জখম ২-এর পাতায় দেখুন



## হরিণাকুন্ডু উপজেলা আইনশৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা

**আবু সাইদ, হরিণাকুন্ডু :** হরিণাকুন্ডু উপজেলা আইনশৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত। মঙ্গলবার সকালে উপজেলা অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহার সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিক সমি, উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, সহকারী কমিশনার (ভূমি) মোঃ তানভীর হোসেন, হরিণাকুন্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবু আজিফ, পৌর মেয়র ফারুক হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, বিভিন্ন দপ্তর প্রধানগন।






## পরিবর্তনের মেহেরপুর'র উদ্যোগে গাছের চারা বিতরণ

**মেহেরপুর প্রতিনিধি:** "প্রতিহিংসা দূরে রাখি, ভালোবাসার সমাজ গড়ি" এই শ্লোগানের মধ্যদিয়ে পরিবর্তনের মেহেরপুর সেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে গাংনী বি আর লাইসিয়াম স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের মাঝে ফলজ গাছের চারা উপহার প্রদান করা হয়েছে। বৃক্ষ রোপন কর্মসূচীর আওতায় মঙ্গলবার সকালের দিকে বি আর লাইসিয়াম স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে কোমলমতি শিক্ষার্থীদের মাঝে বিভিন্ন ধরণের ৬শত ২-এর পাতায় দেখুন

## গাংনীর রাজাপুরের তাঁত শিল্প বিলুপ্তির পথে



**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরের গাংনী উপজেলার রাজাপুর গ্রামের সিংহভাগ মানুষ ছিল তাঁত শিল্পের সঙ্গে জড়িত। গ্রামের তৈরি শাড়ি, লুঙ্গি, গামছার কদর ছিল দেশজোড়া। তবে বর্তমান সময়ে ইলেক্ট্রিক তাঁত ও মানুষের পোশাকেআশাকে আধুনিকতার ছোঁয়া লাগায় জৌলুস হারাতে বসেছে রাজাপুরের তাঁতশিল্পে।

তাঁতিরা জানান, সুতার দাম বেশি ও ইলেকট্রিক তাঁত না থাকায় তাদের বাপদাদার পৈতৃক ব্যবসা গোটাতে হচ্ছে। এ শিল্প এখন বাঁচাতে হলে চাই সরকারি পৃষ্ঠপোষকতা।

সরেজমিনে গিয়ে জানা গেল, আগের মতো আর কর্মব্যস্ততা নেই রাজাপুর গ্রামের তাঁতপল্লিতে। এ গ্রামে প্রায় প্রায় চারশটি তাঁতি পরিবারের বসবাস। এর মধ্যে বর্তমানে ২৫-৩০ শতাংশ মানুষ এখনও তাঁত শিল্পের সঙ্গে জড়িত। ১০-১৫ বছর আগেও তাঁতপল্লি ঘিরে ছিল চরম ব্যস্ততা। দেশের বড় বড় কাপড়ের বাজারসহ এতদঞ্চলের কাপড়ের সবচেয়ে বড় বাজার পোড়াদহের দখল ছিল রাজাপুরের তাঁতের শাড়ি, লুঙ্গি ও গামছায়। বর্তমানে রাজাপুরের সেই অবস্থা আর নেই। কারণ ২-এর পাতায় দেখুন

সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com





# শিক্ষার্থীদের সৃষ্টিশীল উদ্ভাবনীতে অনুষ্ঠিত হলো বিজ্ঞান মেলা

**অভয়নগর প্রতিনিধি :** 'বিজ্ঞানের উৎকর্ষতায় গড়ব স্মার্ট বাংলাদেশ' এই স্লোগানে যশোরের অভয়নগরে কম্পিউটার লিটল জুয়েলস স্কুলে শ্রেণি ভিত্তিক বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দিনব্যাপী ষষ্ঠ থেকে দশম শ্রেণির শিক্ষার্থীরা তাদের শ্রেণিকক্ষে বিজ্ঞান সম্মত বিভিন্ন প্রকল্প প্রদর্শন করে। এছাড়া তৃতীয় থেকে ১০ শ্রেণির শিক্ষার্থীদের অংশগ্রহণে গণিত ও বিজ্ঞান অলিম্পিয়াড পৃথক শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়। প্রতিটি শ্রেণিকক্ষে গিয়ে ফিতা কেটে বিজ্ঞান মেলার উদ্বোধন করেন, স্কুলের চেয়ারম্যান ও পরিচালনা পর্ষদের সভাপতি আমিনুর রহমান খান বাবু। এসময় উপস্থিত ছিলেন স্কুলের উপদেষ্টা মো. হাফিজুর রহমান, প্রিন্সিপাল মাহফুজা বেগম, পরিচালনা পর্ষদের সদস্য মাহাবুবুর রহমান, জাহাঙ্গীর হোসেন, অভিভাবক ও শিক্ষকবৃন্দ।

# ক্রিমিয়ার সেতুতে 'সন্ত্রাসী হামলার' উপযুক্ত জবাব দেওয়ার ঘোষণা পুতিনের

**আন্তর্জাতিক ডেস্ক :** ক্রিমিয়া সেতুর ওপর 'সন্ত্রাসী' আক্রমণের উপযুক্ত জবাব দেওয়ার কথা ঘোষণা করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। খবর বিবিসি। ইউক্রেন থেকে রাশিয়ার দখল করে নেওয়া ক্রিমিয়া উপদ্বীপের সঙ্গে সংযোগকারী একমাত্র সেতুটির ওপর সোমবারের ওই হামলায় দু'জন নিহত হয়েছে। এ ঘটনায় ইউক্রেনকে দায়ী করছে মস্কো কিন্তু কিয়েভ এখনো আনুষ্ঠানিকভাবে কোনো দায়দায়িত্ব স্বীকার করেনি। ইউক্রেনের একটি উপদ্বীপ ক্রিমিয়া কে ২০১৪ সালে দখল করে সংযুক্ত করে নিয়েছিল রাশিয়া। এরপর ২০১৮ সালে রাশিয়া এবং ক্রিমিয়ার মধ্যে সড়ক ও রেল যোগাযোগ সম্বলিত কার্চ সেতুটি তৈরি করা হয়। রাশিয়ার পরিবহন মন্ত্রণালয় জানিয়েছে, সেতুটির সাপোর্ট ব্যবস্থা পুরোপুরি ক্ষতিগ্রস্ত হয়নি। এখনো ওই ঘটনার তদন্ত চলছে। তবে অসমর্থিত খবরে বলা হচ্ছে সোমবার সকালে বিস্ফোরণের শব্দ শোনা গেছে। ইউক্রেনের দাপ্তরিক খবর বলছে রাশিয়ার কর্মকর্তারা দাবি করেছেন, আনম্যানড সার্ফেস ভ্যাসেল (ইউএসভি) ড্রোন- যা আকাশে নয়, বরং পানির ওপর দিয়ে চলে- দিয়ে সেতুটির ওপর আক্রমণ চালানো হয়েছে। কিন্তু এই দাবির সমর্থনে কোন প্রমাণ দেখাতে পারেনি বিবিসি। তবে ইউক্রেনের নিরাপত্তা বাহিনীর একটি সূত্র বিবিসি রাশিয়াকে জানিয়েছে, তারাই হামলা চালিয়েছে এবং পানিতে চলে, এমন ড্রোন ব্যবহার করা হয়েছে। সোমবার সন্ধ্যায় একটি টেলিভিশন ভাষণে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনের বিরুদ্ধে 'দায়িত্বহীন' এবং 'নিষ্ঠুর' হামলা চালানোর অভিযোগ এনেছেন। ওই হামলায় সেতুর ওপরের সড়কটি ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে পাশেই যে রেললাইন রয়েছে, সেটির ক্ষতি হয়নি। ইউক্রেনের দক্ষিণাঞ্চলে সরবরাহ ব্যবস্থা চালু রাখার জন্য এই সেতুটি রাশিয়ার বাহিনীর জন্য খুবই গুরুত্বপূর্ণ। প্রেসিডেন্ট পুতিনের সঙ্গে টেলিভিশনে এসে উপ-প্রধানমন্ত্রী মারাত খুসনুলিন বলেছেন, পহেলা নভেম্বরের মধ্যে সেতুটির মেরামত কাজ পুরোপুরি শেষ হয়ে যাবে। আর পহেলা সেপ্টেম্বরের মধ্যে সেতুর ওপরের সড়কের একদিকের চলাচল চালু হবে। সোমবারের হামলার পর ক্রিমিয়া থেকে বের হওয়ার অন্য সড়ক পথে ব্যাপক জ্যামের তৈরি হয় এবং অনেক রেল চলাচল বিলম্বিত হয়। সেতুর পাশাপাশি যে ফেরি চলাচল চালু রয়েছে, সেখানেও ব্যাপক জ্যামের তৈরি হয়। ছুটি কাটাতে গিয়ে যারা ক্রিমিয়ায় আটকে পড়েছে, তাদের ইউক্রেনের দক্ষিণাঞ্চলের অন্য যেসব এলাকা রাশিয়ার সামরিক বাহিনীর দখলে রয়েছে, সেদিন থেকে ফেরার জন্য পরামর্শ দিয়েছে রাশিয়ার কর্মকর্তারা। এজন্য কার্ফুর সময়সীমা কমিয়ে আনা হবে এবং সেনাবাহিনী পথঘাটের নিরাপত্তা নিশ্চিত করার কাজ করবে। ইউক্রেনের রাশিয়ার হামলা শুরু হওয়ার পর থেকেই ক্রিমিয়ায় বাণিজ্যিক বিমান চলাচল বন্ধ রয়েছে। ক্রিমিয়া তে রুশ প্রশাসনের প্রধান সের্গেই আকসিনভ টেলিগ্রামে দেওয়া এক পোস্টে বলেছেন, 'ক্রিমিয়ার ব্রিজে যান চলাচল বন্ধ করে দেওয়া হয়েছে। রাশিয়ার দিক থেকে সেতুর যে ১৪৫তম সাপোর্ট সেখানে জরুরি ঘটনা ঘটেছে।' 'পরিস্থিতি স্বাভাবিক করার ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমি উপদ্বীপের বাসিন্দা ও অতিথিদের ক্রিমিয়ার সেতু দিয়ে চলাচল করা থেকে বিরত থাকতে বলেছি। নিরাপত্তা জনিত কারণে তাদেরকে নতুন অঞ্চলের ভেতর দিয়ে অন্য রুট ব্যবহার করতে বলা হয়েছে,' বলছেন নাতালিয়া হুমেনিউক। রাশিয়া গত বছর ইউক্রেনের কাছ থেকে যেসব এলাকা - খেরসন, জাপোরিশা, লুহান্সক এবং দোনেস্ক দখল করে নিয়েছে সেসব অঞ্চলকে এভাবেই উল্লেখ করে থাকে। বিবিসির রুশ বিভাগ বলছে সেতুর সমান্তরালে যে ফেরি চলাচল করতো সেটিও বন্ধ করে দেওয়া হয়েছে। বিবিসি নিউজের সাংবাদিক জন ইনউড বলেন অবৈধভাবে ক্রিমিয়া দখল করে নেওয়ার পর রুশ প্রেসিডেন্ট পুতিন এই কার্চ ব্রিজ নির্মাণের নির্দেশ দিয়েছিলেন। এর উদ্দেশ্য ক্রিমিয়ার সঙ্গে রাশিয়ার 'শারীরিক সংযোগ' স্থাপন। ক্রিমিয়া রাশিয়ারই অংশ- এটা বোঝাতে এই সেতুটি নির্মাণ করা হয়েছে। নির্মাণ কাজ শেষ হয়ে যাওয়ার পর পুতিন নিজে এর ওপর দিয়ে ট্রাক চালিয়ে যান। জন ইনউড বলছেন মস্কো এই সেতুটিকে যতোটা ভালোবাসে কিয়েভ ঠিক ততোটাই এটাকে ঘৃণা করে। তিনি বলেন গত বছরের অক্টোবর মাসে বিস্ফোরণে যখন সেতুর কিছু অংশ ধসে পড়ে তখন ইউক্রেনের ডাক বিভাগ এই ঘটনার স্মরণে কিছু ডাকটিকিটও প্রকাশ করেছিল। ক্রিমিয়া র সেতুতে এই বিস্ফোরণের ঘটনাকে ইউক্রেনের আনন্দের প্রতীক হিসেবে দেখা হয়।

# ২০২৬ সালের কমনওয়েলথ গেমস নিয়ে অনিশ্চয়তা

**আন্তর্জাতিক ডেস্ক :** খরচ বেড়ে গেছে, তাই অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া কমনওয়েলথ গেমসের আয়োজন থেকে সরে এলো। গতবছর এপ্রিলে ভিক্টোরিয়া কমনওয়েলথ গেমসের আয়োজন করতে রাজি হয়। তার আগে অন্য কোনো দেশ ২০২৬ সালের কমনওয়েলথ গেমস নিয়ে কোনো উৎসাহ দেখায়নি। কিন্তু সেই ভিক্টোরিয়াও এবার সরে দাঁড়ালো। তাই ২০২৬ সালের কমনওয়েলথ গেমস হবে কিনা, তা নিয়ে সংশয় দেখা দিয়েছে। ভিক্টোরিয়ার তরফ থেকে ড্যানিয়েল অ্যান্ড্রুস বলেছেন, গেমস আয়োজনের খরচ তিনগুণ বেড়ে গেছে। এই অবস্থায় তাদের পক্ষে আর এই গেমস করা সম্ভব নয়। সরকার ইতোমধ্যে গেমস কর্তৃপক্ষকে সিদ্ধান্তের কথা জানিয়ে দিয়েছে। তারা কোনো মন্তব্য করেনি। ড্যানিয়েল জানিয়েছেন, গতবার গেমস কর্তৃপক্ষ তাদের অনুরোধ করেছিলেন, তারা যাতে গেমসের আয়োজন করেন। তারা রাজি হয়েছিলেন। তারা গেমস করতে চেয়েছিলেন। কিন্তু তার জন্য তো যে কোনো মূল্য দেয়া সম্ভব নয়। প্রথমে ধরা হয়েছিল, ভিক্টোরিয়ার তিনটি শহরে গেমস হবে। তার জন্য খরচ হবে ২৬০ কোটি অস্ট্রেলিয়ান ডলার। কিন্তু এখন দেখা যাচ্ছে, খরচ হবে ৬০০ কোটি ডলার। গেমস আয়োজন করলে আর্থিক লাভ হলেও খরচ তার দ্বিগুণ। সে জন্যই তারা আর গেমস আয়োজন করতে উৎসাহী নন। তবে স্টেডিয়াম নবীকরণের কাজ শেষ করা হবে। বিরোধী নেতারা অবশ্য জানিয়েছেন, এটা ভিক্টোরিয়া ও অস্ট্রেলিয়ার কাছে বিড়ম্বনার কারণ হলো।

# চীনে 'পূর্ণকালীন সন্তান' হতে ঘরে ফিরছেন তরুণরা

**আন্তর্জাতিক ডেস্ক :** চীনে একদিকে কর্মস্থলে অমানুষিক শ্রম, অন্যদিকে চাকরির বাজারের নিদারুণ হাল। এই দুই কারণে দেশটির তরুণসমাজ অভিনব জীবন বেছে নিচ্ছে। ২৯ বছর বয়সী জুলির সারাটা দিন কাটে বাসন ধুয়ে, বাবা-মায়ের জন্য রান্না এবং সংসারের আরো নানা কাজ করে। জুলির বাবা-মা তাকে প্রতিদিনের হাতখরচাটা জোগান। তারা জুলিকে মাসে দুই হাজার ইউয়ান (২৮০ ডলার) বেতন দিতে চেয়েছিলেন। জুলি নেননি। জুলি এই মুহূর্তে চাইছেন প্রতিদিন ১৬ ঘণ্টা অমানুষিক পরিশ্রমের হাত থেকে মুক্তি। তিনি বলেন, 'আমি ছিলাম আদতে একটা লাশ, যেটা শুধু হেঁটেচলে বেড়াত।'কাজের চাপে নাজেহাল, অতিরিক্ত খাটুনিতে ক্লান্ত জুলি এপ্রিল মাসে তার চাকরিবাকরি ছেড়ে বাড়ি ফিরে গেছেন বাবা-মায়ের কাছে 'পূর্ণকালীন সন্তান' হিসেবে ঘরে থাকতে। বেইজিংয়ে তিনি কম্পিউটার গেম তৈরির কাজ করতেন। জুলির মতো তরুণ-তরুণীর সংখ্যা চীনে ক্রমশ বাড়ছে, যারা নিজেদের নাম দিয়েছেওপূর্ণকালীন সন্তান্। এরা বাবা-মায়ের আরামের সংসারে ফিরে যেতে চাইছে- হয় অমানুষিক পরিশ্রমের পর কিছুদিন আরাম-আয়েশ করে দিন কাটাতে, নয়তো বাজারে চাকরি খুঁজে হন্যে হয়ে কিছুই না জোটাতে পেরে। তথাকথিত এই 'পূর্ণকালীন সন্তানদের' অনেকেই বলেছেন, তারা দীর্ঘমেয়াদে ঘরে বসে থাকতে চান না, এটা নিতান্তই সাময়িক। তাদের জন্য এটা শুধুই আরাম করার জন্য কিছুটা সময় বেছে নেওয়া, সেই সময় সামনের কর্মপরিকল্পনা নিয়ে ভাবা এবং ভালো চাকরি খোঁজা। কিন্তু এটা বলা যত সহজ, কাজটা তত সহজ নয়। জুলি গত দুই সপ্তাহে এ পর্যন্ত চাকরির সন্ধানে ৪০টির বেশি আবেদনপত্র পাঠিয়েছেন। ইন্টারভিউতে ডাক পেয়েছেন মাত্র দুই জায়গা থেকে। তিনি বলেন, 'চাকরি ছাড়ার আগে কাজ পাওয়া ছিল কঠিন, এখন চাকরি ছাড়ার পর তা আরো কঠিন হয়ে উঠেছে।' মে মাসে প্রকাশিত সরকারি পরিসংখ্যানে দেখা যাচ্ছে, দেশটিতে ১৬ থেকে ২৪ বছর বয়সী প্রতি পাঁচজনের মধ্যে একজনের বেশি কর্মহীন। ২০১৮ সালে কর্তৃপক্ষ এই তথ্য প্রকাশ শুরু করার পর থেকে তরুণ প্রজন্মের মধ্যে বেকারত্বের হার বর্তমানে সবচেয়ে বেশি। গ্রামীণ এলাকায় চাকরির বাজারের চিত্র এই পরিসংখ্যানের অন্তর্ভুক্ত নয়। চীনে তরুণ প্রজন্মকে সব সময় বলা হয়েছে যে সাফল্য পেতে হলে, জীবনে জিততে হলে লেখাপড়ার জন্য অনেক খাটতে হবে, কঠিন পরিশ্রম করে ভালো ডিগ্রি পেতে হবে।

# রাশিয়ার সিদ্ধান্তে বিপাকে পড়বে কোটি কোটি মানুষ : জাতিসংঘ

**আন্তর্জাতিক ডেস্ক :** জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস সোমবার বলেছেন, ইউক্রেনের সঙ্গে শস্যচুক্তির মেয়াদ আর বাড়াচ্ছে না রাশিয়া। এতে বিপাকে পড়তে যাচ্ছে বিশ্বের কোটি কোটি ক্ষুধার্ত মানুষ। মস্কোর চুক্তি থেকে বেরিয়ে আসার প্রতিক্রিয়া হিসেবে এ কথা জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব। সোমবার শস্য চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর নতুন করে আর তা না বাড়ানোর বিষয়টি স্পষ্ট করে জানিয়ে দিয়েছে রাশিয়া। এরপর জাতিসংঘ সদর দপ্তরে এক সংবাদ সম্মেলনে মহাসচিব এই সিদ্ধান্তে গভীর দুঃখ প্রকাশ করেছেন। তিনি বলেন, বিশ্বের কোটি কোটি মানুষ এরইমধ্যে ক্ষুধায় ধুকছে। জীবনযাত্রার ব্যয় বৃদ্ধির কারণে হিমশিম খাচ্ছে। শস্য চুক্তি নিয়ে রাশিয়ার এই সিদ্ধান্তের কারণে আরও মূল্য দিতে হবে এসব মানুষদের।গুতেরেস আরও বলেন, মস্কোর এই পদক্ষেপ বিশ্বের সর্বত্র অভাবী ও দরিদ্র লোকদের বিপাকে ফেলবে। নির্বিঘ্নে খাদ্যশস্য রপ্তানির জন্য শস্য চুক্তি নবায়ন করা হবে-এমন আশা করছিল জাতিসংঘ। চুক্তি নবায়নের জন্য রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে চিঠিও লিখেছিলেন জাতিসংঘ মহাসচিব। ইউক্রেন যুদ্ধ শুরুর পরপরই ইউক্রেনের খাদ্য শস্য রপ্তানি প্রায় বন্ধ হয়ে যায়। এরপর জাতিসংঘ ও তুরস্কের মধ্যস্থতায় গত বছরের জুলাই মাসে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে 'কৃষ্ণসাগর শস্য চুক্তি' নামে চুক্তিটি স্বাক্ষর হয়। এরপর আরও কয়েক বার চুক্তিটি নবায়ন করা হয়েছে এবং এর অধীনে ইউক্রেন প্রায় ৩ কোটি ২০ লাখ টন শস্য ও অন্যান্য খাবার সরবরাহ করেছে। সোমবার ছিল চুক্তিটি নবায়নের শেষ দিন। তবে রাশিয়া বেশ আগে থেকেই চুক্তি থেকে সরে যাওয়ার হুমকি দিচ্ছিল। শেষ পর্যন্ত চুক্তি থেকে বের হয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে মস্কো। ক্রেমলিনের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়, ইউক্রেনের সঙ্গে শস্য চুক্তি থেকে বের হয়ে যাচ্ছে মস্কো। মস্কো চুক্তির মেয়াদ না বাড়ানোয় হতাশা প্রকাশ করেছেন বিশ্ব বাণিজ্য সংস্থাও (ডব্লিউটিও)। সংস্থার প্রধান এক টুইট বার্তায় বলেছেন, কৃষ্ণসাগর দিয়ে খাবার, পশু খাদ্য ও সার বাণিজ্য বিশ্বব্যাপী খাবারের দাম স্থিতিশীল রাখার জন্য গুরুত্বপূর্ণ। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, এর জন্য গরিব মানুষ ও গরিব দেশগুলো সবচেয়ে বেশি বিপাকে পড়বে।



# কেরালার প্রাক্তন মুখ্যমন্ত্রী ওমেন চান্ডির মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** কেরালার প্রাক্তন মুখ্যমন্ত্রী ওমেন চান্ডি মৃত্যু বরণ করেছেন। দীর্ঘ অসুস্থতার পরে গতকাল মঙ্গলবার ভোরে বেঙ্গালুরুতে মৃত্যু হয় প্রবীণ এই কংগ্রেস নেতাল। দীর্ঘদিন ধরে তিনি ক্যান্সারে ভুগছিলেন। বেঙ্গালুরুতে তার ক্যান্সারের চিকিৎসা চলছিল। ওমেন চান্ডির মৃত্যুর পর তার ছেলে সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন, 'বাবার মৃত্যু হয়েছে'। মৃত্যুর সময় তার বয়স হয়েছিল ৭৯ বছর। ২০০৪ থেকে ২০০৬ এবং ২০১১ থেকে ২০১৬ পর্যন্ত দুইবার কেরালার মুখ্যমন্ত্রী ছিলেন ওমেন চান্ডি। মাত্র ২৭ বছর বয়সে, ১৯৭০ সালের বিধানসভা নির্বাচনে জয়লাভ করে একজন বিধায়ক হিসাবে তার কর্মজীবন শুরু করেছিলেন। তখন থেকে পরপর ১১ বার বিধানসভা নির্বাচনে জিতেছেন। নিজের নির্বাচনী এলাকার প্রতিনিধিত্ব করে কেরালা বিধানসভার দীর্ঘতম সদস্য হওয়ার সম্মান পেয়েছিলেন। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খারগে বলেছেন, ওমেন চান্ডি জনগণের নেতা ছিলেন। তিনি আরো বলেন, 'কেরালার প্রাক্তন মুখ্যমন্ত্রী ও একজন কট্টর কংগ্রেস নেতা যিনি জনগণের নেতা হিসাবে দাঁড়িয়েছিলেন, তার প্রতি আমার বিনম্র শ্রদ্ধা।



# আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করল ইউক্রেন

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেন উপকূলীয় অঞ্চল ওডেসায় গতকাল মঙ্গলবার আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করেছে। এ অঞ্চল থেকে নিরাপদে শস্য রপ্তানির অনুমতি দিয়ে করা চুক্তির মেয়াদ বাড়াতে রাশিয়া অস্বীকার করার কয়েক ঘণ্টা পর তারা এমন পদক্ষেপ গ্রহণ করেছে। দেশটির কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে। খবর এএফপির। ওডেসা সামরিক অঞ্চলের মুখপাত্র সের্গি ব্রাচুক টেলিগ্রাম বার্তায় বলেন, 'ওডেসায় আকাশ প্রতিরক্ষা যুদ্ধের কাজ অব্যাহত রয়েছে।' ইউক্রেনের দক্ষিণাঞ্চল ওডেসায় সমুদ্রবন্দর রয়েছে, যা মস্কো ও কিয়েভের মধ্যে মেয়াদ শেষ হওয়া শস্য রপ্তানি চুক্তির চাবিকাঠি ছিল। ওডেসা অঞ্চলের সামরিক প্রশাসনের প্রধান ওলেগ কিপার টেলিগ্রামে বলেন, রাশিয়া ড্রোন ব্যবহার করে ইউক্রেনের দক্ষিণাঞ্চলে হামলা করছে। এমন পরিস্থিতিতে তিনি বাসিন্দাদের আশ্রয়কেন্দ্রে থাকার ব্যাপারে পরামর্শ দেন। ইউক্রেনের দক্ষিণাঞ্চলীয় অপারেশন কমান্ড বলেন, রাশিয়া মনুষ্যবিহীন ড্রোন ব্যবহার করে ইউক্রেনের দক্ষিণাঞ্চলের বিভিন্ন এলাকায় হামলা চালাচ্ছে। রাশিয়ার এমন হামলার ফলে মাইকোলাইভ, জাপোরিঝিয়া, দোনেৎস্ক, খরকিভ, ডিনিপ্রোপেব্ট্রোভস্ক, পোল্টাভা, কিরোভোগ্রাদ এবং চেরকাসিতে বিমান হামলার সতর্কতা ঘোষণা করা হয়েছে। গত বছর রাশিয়ার আগ্রাসনের কারণে ইউক্রেনের কৃষ্ণসাগর বন্দরগুলো অবরুদ্ধ হয়ে পড়ে। অত্যন্ত প্রয়োজনীয় শস্য রপ্তানির সুযোগ দিয়ে করা চুক্তি স্বাক্ষরের আগ পর্যন্ত যুদ্ধজাহাজ চলাচলে এ অবরুদ্ধ পরিস্থিতি বজায় থাকে।

# পোল্যান্ডে বিমান বিধ্বস্ত, নিহত ৫

**আন্তর্জাতিক ডেস্ক :** পোল্যান্ডের রাজধানী ওয়ারশর কাছে ছোট একটি বিমান বিধ্বস্ত হয়ে পাঁচজন নিহত হয়েছেন বলে দেশটির কর্মকর্তারা জানিয়েছেন। গত সোমবার স্থানীয় সময় সন্ধ্যায় একটি বিমানক্ষেত্রের হ্যাঙ্গারের ওপর বিমানটি আছড়ে পড়ে। স্বাস্থ্যমন্ত্রী অ্যাডাম নিডজিলস্কি টুইটারে লিখেছেন,'বিমান বিধ্বস্ত হয়ে অন্তত সাতজন আহত এবং পাঁচজন মারা গেছেন।' তিনি বলেছেন, চারটি হেলিকপ্টার এবং ১০টি অ্যাম্বুল্যান্স ওয়ারশর থেকে ৪৭ কিলোমিটার (২৯ মাইল) দূরে ক্রিসিনো গ্রামে দুর্ঘটনাস্থলে পাঠানো হয়েছে। স্থানীয় ফায়ার ডিপার্টমেন্ট বলেছে, ঘটনাটি ঘটেছে ক্রিসিনোর এয়ারফিল্ডে। তারা সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি ছবি পোস্ট করেছে, যাতে দেখা যায় বিমানের লেজটি হ্যাঙ্গার থেকে আটকে আছে। পোল্যান্ডের গণমাধ্যম বিধ্বস্ত বিমানটিকে সেসনা ২০৮ বলে শনাক্ত করেছে ফায়ার ব্রিগেডের মুখপাত্র মনিকা নোয়াকোস্কা ব্রায়ন্ডাকে উদ্ধৃত করে পিএপি বার্তা সংস্থা জানিয়েছে, আবহাওয়া খারাপ থাকায় লোকজন ওই হ্যাঙ্গারটিতে আশ্রয় নিয়েছিল।

# গ্রিসে দাবানলে ঘরবাড়ি ছেড়ে পালাচ্ছে মানুষ

**আন্তর্জাতিক ডেস্ক :** গ্রিসের রাজধানী এথেন্সের কাছাকাছি ভয়াবহ দাবানল দেখা দিয়েছে। সোমবার এ দাবানলের সৃষ্টি হয় ও জোর বায়ু-প্রবাহের কারণে তা এথেন্সের নিকটবর্তী উপকূলীয় শহরগুলোতে ছড়িয়ে পড়ে। এমন পরিস্থিতিতে ওইসব এলাকা থেকে অনেক বাসিন্দা তাদের বাড়িঘর ছেড়ে নিরাপদ স্থানে আশ্রয় নেন। জানা যায়, এথেন্সের পশ্চিমে উপকূলীয় শহর লুট্রাকিতে দাবানল শিবিরের কাছে চলে আসায় সেখান থেকে ১২০০ শিশুকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। এ ছাড়া রাজধানীর দক্ষিণ-পূর্বে অবস্থিত কাউভারাস এলাকায় আরেকটি অগ্নিকাণ্ডের ঘটনায় সন্দেহভাজন এক ব্যক্তিকে আটক করেছে পুলিশ। গ্রিক ফায়ার সার্ভিসের এক কর্মকর্তা জানিয়েছেন, তাদের ধারণা, দাবানলের শুরু হয় এথেন্সের খুব কাছের গ্রাম কুভারাসে। একপর্যায়ে জোরালো বাতাসের কারণে তা দ্রুত আশপাশের এলাকায় ছড়িয়ে পড়ে। মূলত ভূমধ্যসাগরীয় তাপপ্রবাহের প্রভাবেই এ দাবানল সৃষ্টি হয়। জানা গেছে, লাগোনিসির সমুদ্রতীরবর্তী আবাসিক এলাকায়ও এ দাবানল ছড়িয়ে পড়েছে। এই এলাকায় পর্যটকদের কাছে জনপ্রিয় সব গ্রীষ্মকালীন রিসোর্ট রয়েছে। এক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, ভয়াবহ দাবানলে অন্তত পাঁচটি বাড়ি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আগুন ছড়িয়ে পড়ার পর বিস্তৃত এলাকা থেকে ১০০ জনেরও বেশি নাগরিককে নিরাপদ স্থানে সরিয়ে নিয়েছে পুলিশ। আগুন কালিভিয়া, অ্যানাভিসোস গ্রাম ও আশপাশের অঞ্চলের আস্তাবলে পৌঁছে যাওয়ায় কয়েক ডজন ঘোড়াকে ট্রাকে করে সরিয়ে নেওয়া হয়। জানা গেছে, ২০ জন সৈন্য, ৬৮টি ফায়ার ইঞ্জিন, ১০টি বিমান ও ৬টি হেলিকপ্টারের সহায়তায় ২০০ জনেরও বেশি দমকলকর্মী দাবানল নিয়ন্ত্রণে কাজ করছেন। প্রয়োজনে নাগরিকদের সরিয়ে নেওয়ার জন্য কোস্টগার্ডের নৌকা ও জাহাজও প্রস্তুত রাখা হয়েছে। সোমবার বিকেলে তৃতীয় অগ্নিকাণ্ড শুরু হয় ও এথেন্সের প্রায় ৩০ কিলোমিটার (১৮ মাইল) উত্তরে ডারভেনোচোরিয়া এলাকায় বন পুড়িয়ে দেয়। কর্তৃপক্ষ জানিয়েছে, তারা সোমবার সারাদেশে মোট ৮১টি অগ্নিকাণ্ড মোকাবিলায় লড়াই করেছে এবং ক্রমবর্ধমান তাপমাত্রা ও প্রবল বাতাসের কারণে গতকাল মঙ্গলবার আরও তীব্র আগুনের জন্য তারা প্রস্তুত রয়েছে। জার্মান সংবাদমাধ্যম ডয়চে ভেলে জানিয়েছে, এথেন্স থেকে ২৭ কিলোমিটার দূরেই দাবানল জ্বলছে। বেশকিছু বাড়িঘর পুড়ে গেছে। দাবানল ছড়িয়ে পড়া এলাকাগুলোতে কিছুদিন ধরেই তাপপ্রবাহ চলছিল। এখন সেখানে ৭০ কিলোমিটার বেগে বাতাস বইছে। গ্রিসে গ্রীষ্মকালে দাবানল সাধারণ বিষয়। ২০১৮ সালে একটি দাবানলে এথেন্সের পূর্বাঞ্চলীয় সমুদ্রতীরবর্তী মাটি নামক গ্রামে দাবানলের ঘটনায় ১০১ জনের মৃত্যু হয়েছিল।



# যুক্তরাষ্ট্রে গুলিতে এক বছরের শিশু নিহত!

**আন্তর্জাতিক ডেস্ক :** মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া রাজ্যে সোমবার ৩ বছর বয়সী এক শিশু ভুলবশত তার এক বছরের বোনকে হ্যান্ডগান দিয়ে গুলি করে হত্যা করেছে। সোমবার ঘটনাটি সান দিয়েগো কাউন্টির ফলব্রুকে ঘটেছে বলে থেকে জানা গেছে। খবর এনডিটিভি। প্রতিবেদনে বলা হয়, সোমবার সকালে স্থানীয় পুলিশ শিশুটির ডাকে সাড়া দেয়। পৌঁছানোর পরে, তারা দেখতে পায় ৩ বছরের শিশু তার এক বছরের বোনকে গুলি করে হত্যা করেছে। এক বছরের শিশুটির মাথায় আঘাত পাওয়া গেছে। ফায়ার বিভাগের কর্মীরা শিশুটিকে পালোমার হাসপাতালে নিয়ে গেলে সকাল সাড়ে ৮টায় তাকে মৃত ঘোষণা করা হয়। কর্মকর্তারা জানান, 'যখন নর্থ কাউন্টি ফায়ার প্রোটেকশন ডিস্ট্রিক্ট ফায়ার ফাইটাররা ঘটনাস্থলে পৌঁছায়, তারা একটি ১ বছর বয়সী এক মেয়েশিশুকে গুলিবিদ্ধ অবস্থায় দেখতে পায়।' তবে কর্তৃপক্ষ নিহত শিশুর নাম প্রকাশ করেনি।

## বিনোদন



# চলচ্চিত্রে অভিনয় করবেন মহেশ বাবুর পুত্র


**বিনোদন ডেস্ক :** 'প্রিন্স অব টলিউড'খ্যাত অভিনেতা মহেশ বাবু। পর্দায় অসাধারণ অভিনয় এবং অনুসরণীয় ব্যক্তিত্ব গুণের কারণে অসংখ্য ভক্ত তার। ব্যক্তিগত জীবনে অভিনেত্রী নম্রতা শিরোদকরের সঙ্গে ঘর বেঁধেছেন মহেশ। এ দম্পতির গৌতম ও সিতারা নামে এক পুত্র-কন্যা সন্তান রয়েছে। মহেশ বাবার ১১ বছর বয়সী কন্যা সিতারা এরইমধ্যে চলচ্চিত্রে নাম লিখিয়েছেন। কিন্তু পুত্র গৌতম এখনো রুপালি জগতে পা রাখেননি। তাহলে কি গৌতম অভিনয়ে পা রাখবেন না? এমন প্রশ্ন অনেক দিন ধরেই করে আসছিলেন মহেশ ভক্তরা। অবশেষে এ বিষয়ে মুখ খুললেন মহেশ বাবুর স্ত্রী নম্রতা। কিছু দিন আগে পিএমজে জুয়েলারির ব্র্যান্ড অ্যাম্বাসেডর নির্বাচিত হয়েছে মহেশ কন্যা সিতারা। সম্প্রতি প্রতিষ্ঠানটির একটি বিজ্ঞাপনে মডেল হয়ে আলোচনায় উঠে এসেছে সে। প্রতিষ্ঠানটির লুক বুক লঞ্চিং অনুষ্ঠানে মেয়েকে নিয়ে হাজির হয়েছিলেন নম্রতা। সেখানে প্রশ্ন করা হয় গৌতম কি অভিনয়ে আসবেন? সংবাদিকের এমন প্রশ্নের জবাবে নম্রতা শিরোদকর বলেন, 'বর্তমানে পড়াশোনা নিয়ে ব্যস্ত গৌতম। আগামী ৬ বছর পর ফিল্মে আসবে গৌতম। তার বয়স এখন ১৬ বছর। খুবই কম বয়স। কিন্তু অভিনয়ের প্রতি তার আগ্রহ রয়েছে।' ২০০৫ সালের ১০ ফেব্রুয়ারি সাতপাকে বাঁধা পড়েন মহেশ-নম্রতা। বিয়েতে শুধু দুই পরিবারের ঘনিষ্ঠ সদস্যরা উপস্থিত ছিলেন। ২০০৬ সালে এই জুটির ঘর আলো করে আসে প্রথম সন্তান গৌতম কৃষ্ণা। ২০১২ সালে জন্ম নেয় এ দম্পতির কন্যা সিতারা।

# 'ওশানগেট' নিয়ে সিনেমা, মুখ খুললেন জেমস

**বিনোদন প্রতিবেদক :** গেল মাসে আটলান্টিকের অতলে ডুবে থাকা টাইটানিকের ধ্বংসস্তূপের দিকে যাত্রা করতে গিয়ে বিধ্বস্ত হয় 'ওশানগেট'। সেই মিনি সাবমেরিনে থাকা পাঁচজন যাত্রীই নিহত হন। টাইটানিকের ধ্বংসাবশেষের কাছে ১৮ জুন বিস্ফোরিত হয় সাবমার্সিবলটি। ঘটনাটি বিশ্বজুড়ে আলোচনা সৃষ্টির পাশাপাশি সিনেপ্রেমীদের মাঝেও তৈরি হয় এক ধরনের কৌতূহল। তাই এ ঘটনাকে পর্দায় ফুটিয়ে তোলার পরামর্শ দেন অনেকেই। একই সঙ্গে সেই আলোচনায় উঠে আসে অস্কারজয়ী নির্মাতা জেমস ক্যামেরনের নামও। তবে এই গুঞ্জন আর আলোচনা মোটেও পছন্দ করছেন না অস্কার বিজয়ী এই নির্মাতা। এবার এই প্রসঙ্গে মুখ খুলেছেন জেমস ক্যামেরন। শনিবার টুইটারে জেমস লিখেছেন, আমি সাধারণত মিডিয়াতে আপত্তিকর গুজবের প্রতিক্রিয়া জানাই না। তবে আমার এখন কথা বলা প্রয়োজন। আমি 'ওশানগেট' ফিল্ম নিয়ে আলোচনা একেবারেই পছন্দ করছি না। আমি কখনোই এই ফিল্ম তৈরিতে নিজেকে জড়াতে চাই না। এর আগে, ১৯৯৭ সালে 'টাইটানিক' সিনেমাটি নির্মাণ করে গোটা বিশ্বকে তাক লাগিয়ে দিয়েছিলেন তিনি।

# একসঙ্গে সিনেমার প্রচারণায় রণবীর-আলিয়া

**বিনোদন ডেস্ক :** আসছে ২৮ জুলাই মুক্তি পাচ্ছে 'রকি অউর রানি কী প্রেম কাহানি' সিনেমাটি। এখন তাই সিনেমার প্রচার নিয়ে ব্যস্ত রয়েছে এর পুরো টিম। সম্প্রতি সিনেমার প্রচারে গুজরাটের ভাদোদরায় গিয়েছিলেন সিনেমার সংশ্লিষ্টরা। আর সেখান থেকেই জমজমাট অনুষ্ঠানের সিনেমা সোশ্যাল মিডিয়ায় পোস্ট করলেন আলিয়া ভাট। এদিন অভিনেত্রীকে গোলাপি রঙের শাড়িতে দেখা গেছে। অন্যদিকে রণবীর পরেছিলেন কালো রঙের পোশাক। দুজনেই নাচে গানে জমিয়ে রাখলেন গোটা অনুষ্ঠান। তাদের দেখতে ছিল চোখে পড়ার তো জনসাধারণের উপস্থিতি। 'রকি অউর রানি কী প্রেম কাহানি' সিনেমার মাধ্যমেই ধরে দীর্ঘ ৭ বছর পর পরিচালনায় ফিরছেন করণ জোহর। রণবীর সিং ও আলিয়া ভাটের পাশাপাশি এ সিনেমায় অভিনয় করেছেন শাবানা আজমি, ধর্মেন্দ্র, জয়া বচ্চন ও টোটা রায়চৌধুরী, চূর্ণী গঙ্গোপাধ্যায়। কিছুদিন আগে 'রকি অউর রানি কি প্রেম কাহানি'র ট্রেলারে আলিয়া ভাটের মুখে 'খেলা হবে' সংলাপটি ব্যবহার করা হয়েছে। এটি নিয়ে রীতিমত আলোড়ন তৈরি হয়েছে। এ সিনেমার কেন্দ্রীয় চরিত্রে বলা চলে রয়েছে দুই ভিন্ন ধরনের মানুষের প্রেম কাহিনি। রানধাওয়া ও চট্টোপাধ্যায় পরিবারের মধ্যে লড়াইয়ের গল্প বলবে এ সিনেমা। করণ জোহরের নতুন সিনেমা 'রকি অউর রানি কি প্রেম কাহানি' সিনেমায় জুটি বেঁধেছেন আলিয়া ভাট ও রণবীর সিং। পাঞ্জাবী রানধাওয়া পরিবারের সন্তান রকি। অন্যদিকে বাঙালি চট্টোপাধ্যায় পরিবারের সন্তান রানি। একেবারে দুই ভিন্ন ধরনের চরিত্রের মানুষ হওয়া সত্ত্বেও একে অপরের প্রেমে পড়ে রকি আর রানি। কিন্তু তাদের প্রেম কাহিনিকে পরিণতি দিতে মরিয়া চেষ্টা দুজনের। সব শেষে তারা এ সিদ্ধান্তে উপনীত হন যে তিন মাস করে তারা একে অপরের বাড়িতে থাকবে। অর্থাৎ 'স্যুইচ' অপারেশন। যদি এ তিন মাস তারা টিকে যেতে পারেন, তাহলে বিয়ের পরের পঞ্চাশ বছরও নির্বিঘ্নে কাটাতে পারবেন। তবে ট্রেলারের বিভিন্ন অংশ দেখে বেশ বোঝা যাবে দুই পরিবারের কেউই একে অপরকে পছন্দ করছেন না। দুই মেরুর পরিবার কি এ বিয়েতে মত দেবে? হাসি মজার মোড়কে প্রেম, ভালোবাসা, লড়াই, মন ভাঙার গল্প বলবে করণ জোহরের 'রকি অউর রানি কি প্রেম কাহানি'।



# জীবনে পারফেক্ট প্রেম একবারই আসে : মেহজাবীন

**এফএনএস বিনোদন:** ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী মেহজাবীন চৌধুরী। মেহজাবীন চৌধুরী দক্ষ অভিনয়শিল্পী। অভিনয়গুণে দর্শক হৃদয়ে তার অবস্থান বেশ মজবুতই বটে। ছোট পর্দায় বহু দিন ধরেই দাপটের সঙ্গে অভিনয় করছেন। তবে এখন আর শুধু টিভি নাটকে সীমাবদ্ধ নন তিনি। ইদানীং ওভার দ্য টপ (ওটিটি) প্ল্যাটফরমেও মেহজাবীনকে দূরদর্শী অভিনয় করতে দেখা যাচ্ছে। এই মাধ্যমে গুরুত্ব বাড়িয়ে দিয়েছেন তিনি। ওয়েব ফিল্ম, ওয়েব সিরিজে কাজ করছেন। নির্মাতা ভিকি জাহেদের পরিচালনায় গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করেছেন মেহজাবীন। সেই পোস্টারের পর এবার এই সিরিজের আরো একটি পোস্টার ফেসবুকে শেয়ার করেছেন মেহজাবীন। যেখানে তার সঙ্গে দেখা গেছে অভিনেতা শ্যামল মাওলাকে। সেখানেও রহস্যময় চরিত্রে হাজির হয়েছেন এই দুই তারকা। পোস্টার শেয়ার করে মেহজাবীন লিখেছেন, 'প্রতিটা মানুষের জীবনে পারফেক্ট প্রেম একবারই আসে। ভালোবাসার মানুষ চলে গেলেও এই প্রেম কখনো চলে যায় না...।' জানা গেছে, 'আমি কী তুমি?' ওয়েব সিরিজে থাকছে সাতটি পর্ব। এতে তিথি চরিত্রে অভিনয় করেছেন মেহজাবীন। নির্মাতা ভিকি জাহেদ বলেন, থ্রিলার এবং হররের বাইরে রোমান্স এবং ড্রামা বেইজ করে এই কনটেন্ট বানিয়েছি। দর্শক অনেক দিন পর আমার নতুন কাজ দেখতে পাবেন। আইস্ক্রিনে যেহেতু প্রথম অরিজিনাল, তাই ভালো কাজের মাধ্যমে যাত্রা শুরু হোক এটা মাথায় ছিল।



# প্রথম সন্তানের মা হলেন লিন্ডসে লোহান

**বিনোদন ডেস্ক :** মা হয়েছেন মার্কিন অভিনেত্রী ও সংগীতশিল্পী লিন্ডসে লোহান। সম্প্রতি পুত্রসন্তানের জন্ম দিয়েছেন তিনি। বাদের শাম্মাস ও লিন্ডসে লোহান দম্পতির এটি প্রথম সন্তান। লিন্ডসে লোহানের মুখপাত্র মার্কিন সংবাদমাধ্যম পেজ সিক্স ডটকমকে এসব তথ্য নিশ্চিত করেছেন। সোমবার লিন্ডসে লোহানের মুখপাত্র একটি বিবৃতি প্রকাশ করেছেন। তাতে বলা হয়েছে- 'এ দম্পতির পরিবার ভালোবাসার চাঁদের আলোয় ভাসছে।' পেজ সিক্স ডটকম জানিয়েছে, বাদের শাম্মাস ও লিন্ডসে লোহান দুবাইয়ে বসবাস করনে। সেখানে পুত্রসন্তানের জন্ম দিয়েছেন লিন্ডসে লোহান। তবে লিন্ডসে লোহানের সন্তানের জন্ম তারিখ এখনো প্রকাশ করেনি। গত মার্চ মাসে মা হতে যাওয়ার ঘোষণা দেন লিন্ডসে লোহান। মার্কিন সংবাদমাধ্যম টিমজেড ডটকমকে তিনি বলেছিলেন, 'পরিবারে নতুন সদস্য আগমনের খবরে আমরা খুবই উচ্ছ্বসিত। আমরা আমাদের জীবনের পরবর্তী অধ্যায়ের যাত্রা শুরুর জন্য উন্মুখ হয়ে আছি।' ২০২০ সালে করোনাভাইরাসের প্রাদুর্ভাব শুরু হওয়ার আগে দুবাইয়ের একটি মিউজিক ফেস্টিভ্যালে প্রথমবার একসঙ্গে দেখা যায় লিন্ডসে লোহান ও বাদেরকে। এরপর এ জুটির সম্পর্ক নিয়ে গুঞ্জন চাউর হয়। ২০২১ সালে বাগদানের ঘোষণা দেন। গত বছর বিয়ে করেন এই জুটি।

